শিরোপা নির্ধারনী ম্যাচ মুখোমুখি মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় ও রংপুর শিশু নিকেতন স্কুল

একের পর এক শক্তিশালী ক্রিকেট দলকে পেছনে ফেলে প্রাইম ব্যাংক জাতীয় স্কুল ক্রিকেটে শিরোপা নির্ধারনী ম্যাচে খেলবে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়। শিরোপা নির্ধারনী ম্যাচে এবার তারা মুখোমুখি হবে রংপুর শিশু নিকেতন উচ্চ বিদ্যালয়ের।

গত শনিবার মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় ক্রিকেট টীম খুলনার গাজী মেমোরিয়াল স্কুলকে ৩ উইকেটে হারিয়ে ফাইনালে উঠার যোগ্যতা অর্জন করে।

খুলনার গাজী মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়কে ৩ উইকেটে হারিয়ে প্রাইম ব্যাংক জাতীয় স্কুল ক্রিকেট ২০২১-২২ এর ফাইনাল নিশ্চিত করে দূর্দান্ত দাপুটে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় দল।

রাজধানীর সিটি ক্লাব গ্রাউন্ডে সেমি ফাইনালে টসে হেরে প্রথমে ব্যাট করতে নেমে ১৫৮ (৪২.৫ ওভার) রানে গুটিয়ে যায় গাজী মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়। ৩৭.৪ ওভারেই জয়ের লক্ষ্যে পৌঁছে যায় মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়।

৩১ রান দিয়ে ৪ উইকেট আদায় করে ম্যাচ সেরা হয়েছেন মেহেরপুর সরকারী উচ্চ বিদ্যালয় দলের মোঃ সোহানুর রহমান।আগামীকাল ১৩ জুন প্রাইম ব্যাংক জাতীয় স্কুল ক্রিকেট প্রতিযোগিতার শিরোপা নির্ধারণী ম্যাচে আগামীকাল মুখোমুখি হচ্ছে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় ও রংপুর শিশু নিকেতন স্কুল।

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় অধিনায়ক ইশতিয়াক আহমেদ জিহান বলেন, আগের ভুল গুলো থেকে শিক্ষা নিয়ে ফাইনালে ভালো করবো।

সুস্থ প্রতিদ্বন্দ্বিতায় বিকশিত হোক আমাদের কিশোরদের প্রতিভা। যে প্রতিভা একসময় তারুণ্যের জয়গান শোনাবে আমাদের দেশ, আমাদের জাতিকে সেরা হওয়ার লড়াইয়ে প্রাইম ব্যাংক জাতীয় স্কুল ক্রিকেট

২০২১-২২ এর ফাইনাল দেখতে চোখ রাখুন আগামীকাল ১৩ জুন ২০২২, শুধুমাত্র টি-স্পোর্টসে।